



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/টাঙ্গাইল-২০২/ ৫৬১/৪

তারিখ: ০৬ আশ্বিন ১৪২৯  
২১ সেপ্টেম্বর ২০২২

বিষয় : নাগবাড়ী তালিমুল ইসলাম দাখিল মাদ্রাসার প্রতিষ্ঠাতা বিষয়ে স্পষ্টীকরণ প্রসঙ্গে

সূত্র : ১। অধ্যাপক মাও: মো: আব্দুল হামিদ কর্তৃক বোর্ডের ই-ফাইলে অভিযোগ আইডি নং- ২৩৩২২১১৪৪৪১১ তারিখ: ১২.০১.২০২২ খ্রি।  
২। বামাশিবো/প্রশা/টাঙ্গাইল-২০২/৮৪৯ তারিখ: ০৭.০৮.২০২২ খ্রি।  
৩। বামাশিবো/প্রশা/টাঙ্গাইল-২০২/৮৫০ তারিখ: ০৭.০৮.২০২২ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, টাঙ্গাইল জেলার মধুপুর উপজেলাধীন নাগবাড়ী তালিমুল ইসলাম দাখিল মাদ্রাসার কমিটি নির্বাচনে খসড়া ভোটার তালিকায় প্রতিষ্ঠাতা ক্যাটাগরি থেকে অধ্যাপক মাওলানা মো: আব্দুল হামিদকে বেআইনীভাবে বাদ দেয়া হয়েছে মর্মে তিনি সূত্রোক্ত ১নং স্মারকে অভিযোগ দাখিল করেছেন। অভিযোগের বিষয়ে সুস্পষ্ট লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্রসহ মাদ্রাসাটি প্রতিষ্ঠাকালীন সকল প্রকার দলিল, রেজুলেশন, জমিদান ও প্রতিষ্ঠাতা সংক্রান্ত যাবতীয় কাগজপত্র জমা দেওয়ার জন্য সূত্রোক্ত ২নং স্মারকে মাদ্রাসার সুপার এবং ৩নং স্মারকে অভিযোগকারীকে পত্র দেওয়া হয়। পত্রের আলোকে মাদ্রাসার সুপার মোহাম্মদ নোমানুর রহমান ও অভিযোগকারী অধ্যাপক মাওলানা মো: আব্দুল হামিদ কর্তৃক আলাদাভাবে স্বপক্ষে লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্র জমা দেওয়া হয়েছে।

অভিযোগকারী ও প্রতিষ্ঠাতা দাবিদার অধ্যাপক মাও: আব্দুল হামিদ কর্তৃক লিখিত বক্তব্যে উল্লেখ করেন যে, ১৯৮২ সালে মাদ্রাসাটি প্রতিষ্ঠা লাভ করার পর থেকে দীর্ঘ আঠারো বছর ধরে জমি নির্ধারণ, ভবন নির্মাণ, আসবাবপত্র ক্রয় ও শিক্ষক নিয়োগ পূর্বক পাঠদানের ব্যবস্থাসহ যাবতীয় ব্যবস্থা গ্রহণ ও ব্যয় বহন করেছেন কিন্তু বিধি মোতাবেক প্রতিষ্ঠাতা হওয়ার স্বপক্ষে তিনি কোন দালিলিক কাগজপত্র জমা দিতে পারেননি। অপরদিকে, মাদ্রাসার সুপার কর্তৃক দাখিলকৃত লিখিত বক্তব্যে উল্লেখ করা হয়েছে অধ্যাপক মাওলানা মো: আব্দুল হামিদ মাদ্রাসায় কোন প্রকার জমি দান করার দলিল, দানের রশিদ অথবা অধ্যাপক মাওলানা মো: আব্দুল হামিদ প্রতিষ্ঠাতা হিসাবে প্রতিষ্ঠাকালীন কোন রেজুলেশন পাওয়া যায়নি। অভিযোগের আলোকে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এ রক্ষিত সংশ্লিষ্ট মাদ্রাসার নথি যাচাই করেও অধ্যাপক মাও: আব্দুল হামিদ প্রতিষ্ঠাতা হিসাবে কোন অনুদানের দালিলিক প্রমাণ পাওয়া যায়নি।

এমতাবস্থায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত) এর ২(জ) অনুযায়ী প্রতিষ্ঠাতা দাবিদার অধ্যাপক মাও: আব্দুল হামিদ উক্ত মাদ্রাসার প্রতিষ্ঠাতা নয়।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
২১.০৯.২০২২

মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

ফোনঃ ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

১। অধ্যাপক মাও: আব্দুল হামিদ(অভিযোগকারী),

পো: জটাবাড়ী, মধুপুর, টাঙ্গাইল।

২। সুপার/ভারপ্রাপ্ত সুপার, নাগবাড়ী তালিমুল ইসলাম দাখিল মাদ্রাসা,

পো: জটাবাড়ী, মধুপুর, টাঙ্গাইল।

নং-বামাশিবো/প্রশা/টাঙ্গাইল-২০২/ ৫৬১/৪

তারিখ: ০৬ আশ্বিন ১৪২৯  
২১ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, টাঙ্গাইল;
২. উপজেলা নির্বাহী অফিসার, মধুপুর, টাঙ্গাইল;
৩. জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মধুপুর, টাঙ্গাইল;
৫. ম্যানেজার, সোনালী/অগ্রণী/রূপালী/জনতা ব্যাংক, মধুপুর, টাঙ্গাইল;
৬. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৭. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

  
২১/৯/২২

মোঃ ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd